

কৃষি ও সেচ কমিটির জুলাই/ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মোছা: আয়েশা সুলতানা লাকী, মহিলা ভাইস চেয়ারম্যান, জীবননগর উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, তারিখ ও সময় : ২৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখ, সময়ঃ সকাল-১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্য সূচী অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব শারমিন আক্তার, উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়।

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ / সিদ্ধান্ত	মন্তব্য/ বিকল্প প্রস্তাব
০১.	বিভাগীয় কার্যক্রম	বর্তমানে আমন আবাদ রোপণ কার্যক্রম চলমান আছে এবং আমন আবাদের বিভিন্ন রোগ ও পোকামাকড় দমনের জন্য কৃষকদের সচেতন করার বিষয়ে আলোচনা করা হয় এবং সঠিক সময়ে সঠিক ব্যবস্থাপনা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	আমন ধানের পড়িমিত সার ব্যবহার, রোগ ও পোকামাকড় দমনে সঠিক সময়ে এবং পরবর্তিতে ব্যবস্থাপনা গ্রহণের বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে প্রচারনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২.	সার পরিস্থিতি	সকল ডিলারদের সরকারি নীতিমালা অনুযায়ী ব্যবসা পরিচালনা করার এবং সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।	সকল ডিলারদের সরকারি নীতিমালা অনুযায়ী ব্যবসা পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কঠোর মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৩.	কৃষি যান্ত্রিকীকরণ	কৃষকদের কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে এবং শ্রমিকের স্বল্পতার কারণে ধান কাটার যন্ত্র সরবরাহের চাহিদা প্রণয়ন ও প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	ধান কাটার যন্ত্র সরবরাহের চাহিদা প্রণয়ন ও জেলা পর্যায়ে প্রেরণের বিষয়ে সুপারিশ করা হয়।	
০৪	জৈব বালাইনাশক ব্যবহার করে নিরাপদ উপায়ে সবজি ও ফল উৎপাদন	নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ফল ও সবজি উৎপাদনের জন্য রাসায়নিক বালাইনাশক ব্যবহার না করে জৈব সার, জৈব বালাইনাশক, ফেরোমন ফাঁদ ব্যবহারের মাধ্যমে ফল ও সবজি উৎপাদনের বিষয়ে আলোচনা হয়।	নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ফল ও সবজি উৎপাদনের জন্য রাসায়নিক বালাইনাশক ব্যবহার না করে জৈব সার, জৈব বালাইনাশক, ফেরোমন ফাঁদ ব্যবহারের মাধ্যমে ফল ও সবজি উৎপাদনের বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে কৃষকদের উদ্বুদ্ধকরণের জন্য উপজেলা পরিষদ হতে কৃষকদের বিনামূল্যে জৈব সার ও জৈব বালাইনাশক বিতরণের সুপারিশ করা হয়।	

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোছা: আয়েশা সুলতানা লাকী) ২৫/৭/২৩

মহিলা ভাইস চেয়ারম্যান
জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।

ও

সভাপতি

কৃষি ও সেচ কমিটি।

জীবননগর উপজেলা পরিষদ
জেলা: চুয়াডাঙ্গা।

নোটিশ


কৃষি ও সেচ বিষয়ক কমিটির সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই/২৩ মাসের উক্ত কমিটির সভা আগামী ২৫/০৭/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় সভাপতির অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

সভার সভাপতিত্ব করবেন জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান, জীবননগর উপজেলা পরিষদ, জেলা: চুয়াডাঙ্গা।

নির্ধারিত তারিখ ও সময়ে কমিটির সম্মানিত সকল সদস্যকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:

- (১) গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ
- (২) সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা
- (৩) বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত আলোচনা
- (৪) বিবিধ।


(মোঃ মনিরুজ্জামান)

উপজেলা কৃষি অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা

ও

সদস্য সচিব, কৃষি ও সেচ কমিটি





তারিখ: ২৬/০৭/২৩খ্রিঃ

স্মারক সংখ্যা-৩২২(৪)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- (১) চেয়ারম্যান, জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- (২) উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- (৩)ইউপি চেয়ারম্যান, সদস্য, কৃষি ও সেচ কমিটি, জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- (৪) অফিস নথি।

উপজেলা কৃষি ও সেচ কমিটির জুলাই/২৩ মাসের সভার উপস্থিত সদস্যগণের স্বাক্ষর: পরিশিষ্ট "ক"

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	জনাব মোছা: আয়েশা সুলতানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, সভাপতি	
০২.	জনাব মো: আ: হান্নান	চেয়ারম্যান, উথলী ইউপি, সদস্য	
০৩.	জনাব মির্জা হাকিবুর রহমান	চেয়ারম্যান, আব্দুলবাড়ীয়া ইউপি, সদস্য	
০৪.	জনাব মোঃ তাহাজ্জত হোসেন	চেয়ারম্যান, রায়পুর ইউপি, সদস্য	
০৫.	জনাব মো: মনিরুজ্জামান	উপজেলা কৃষি অফিসার, সদস্য সচিব	